

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০০১.১৭ - ১২


তারিখ ২৩/০১/২০১৭ খ্রিঃ

দপ্তরাদেশ

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ঢাকা বিভাগীয় "ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি মূল্যায়ন ও বাস্তবায়ন" শীর্ষক আঞ্চলিক কর্মশালা আগামী ০১/০২/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯ঃ০০ ঘটিকায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট মিলনায়তন (কলেজ গেইট, শেরেবাংলা নগর), ঢাকা (শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের উত্তর পার্শ্বে) অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলা ব্যাতিত অন্য সকল জেলার উপ-পরিচালক, সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন) এবং এ সকল জেলার আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও নির্বাচিত ক্রেডিট সুপারভাইজার (১৬ জন) অংশগ্রহণ করবেন। কর্মশালায় অংশগ্রহণকারীগণকে বর্ণিত ঠিকানায় আগামী ০১/০২/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ৮ঃ৩০ ঘটিকায় রিপোর্ট করতে অনুরোধ করা হলো।

২. কর্মশালার ব্যয় নির্বাহের জন্য অগ্রিম অর্থ উত্তোলনের লক্ষ্যে ইতোমধ্যে মঞ্জুরী প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ এবং আলোচ্য কর্মশালার ২(দুই) দিনের কার্যসূচি সমাপনান্তে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অগ্রিম উত্তোলিত অর্থের সমন্বয় বিবরণী, হিসাব রক্ষণ অফিসের প্রত্যয়নসহ দাঃ বিঃ ও ঋণ শাখায় পাঠাতে বলা হলো।

৩. কর্মশালায় অংশগ্রহণকারীগণ সরকারী বিধি মোতাবেক টি,এ/ডি,এ প্রাপ্য হবেন।



(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯

নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০০১.১৭ - ১২

তারিখ ২৬/০১/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক..... জেলা।
- ০২। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলাকে কর্মশালার ভেন্যু প্রস্তুতকরণ(মঞ্চ প্রস্তুত, ১০৬ জন অংশগ্রহণকারীর বসার ব্যবস্থা), উপযুক্ত সাউন্ড সিস্টেম, হোয়াইট বোর্ড ও মার্কারসহ যাবতীয় প্রাসংগিক প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।
- ০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, মানিকগঞ্জ, নারায়গঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, গাজীপুর, ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শারিয়তপুর ও গোপালগঞ্জ জেলাকে তাঁর আওতাধীন সকল উপজেলার জুন/১৫, জুন/১৬ ও ডিসেম্বর/১৬ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার বিষয়টি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।
- ০৬। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....জেলা।
- ০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....উপজেলা.....জেলা।
- ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলা.....জেলাকে জুন/১৫ জুন/১৬ ও ডিসেম্বর/১৬ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার জন্য অনুরোধ করা হলো।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলা.....জেলা।
- ১২। অফিস কপি/গার্ড নথি।


(কে. এম. জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন : ৯৫৬৭৭২১

অংশগ্রহণকারীগণের তালিকা।

০১।	উপ-পরিচালক	:	১১ জন
০২।	সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন)	:	১১ জন
০৪।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	:	৬৮ জন
০৫।	ক্রেডিট সুপারভাইজার	:	নির্বাচিত ১৬ জন (সংযুক্ত তালিকা অনুযায়ী)
	সর্বমোট =	:	১০৬ জন